



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পররাষ্ট্র মন্ত্রণালয়
পশ্চিম এশিয়া অনুবিভাগ
ঢাকা



নং ১৯.০০.০০০০.৪৬৫.১০.৬০৩(২).২১/৬৫৪

১০ নভেম্বর ২০২১

প্রেরকঃ জিকরুল হাসান ফাহাদ
সিনিয়র সহকারী সচিব (পশ্চিম এশিয়া)
পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।

প্রাপকঃ জনাব মোঃ আলাউদ্দীন ভূঁইয়া
পরিচালক
পররাষ্ট্র প্রতিমন্ত্রীর দপ্তর
পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।

বিষয়ঃ সংযুক্ত আরব আমিরাতে উপ-রাষ্ট্রপতি, প্রধানমন্ত্রী ও প্রতিরক্ষা মন্ত্রীর আমন্ত্রণে মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিনিধি হিসেবে অংশগ্রহণের জন্য দুবাইতে অনুষ্ঠিতব্য ১৭তম “Dubai Air Show 2021”-তে মাননীয় পররাষ্ট্র প্রতিমন্ত্রীর সফর সঙ্গী হিসেবে ১২-১৮ নভেম্বর ২০২১ তারিখ পর্যন্ত সংযুক্ত আরব আমিরাতে-এ সরকারী সফরের প্রশাসনিক মঞ্জুরি জ্ঞাপন।

উপর্যুক্ত বিষয়ে নিম্নস্বাক্ষরকারী নির্দেশিত হয়ে, সংযুক্ত আরব আমিরাতে উপ-রাষ্ট্রপতি, প্রধানমন্ত্রী ও প্রতিরক্ষা মন্ত্রীর আমন্ত্রণে মাননীয় প্রধানমন্ত্রীর প্রতিনিধি হিসেবে অংশগ্রহণের জন্য দুবাইতে অনুষ্ঠিতব্য ১৭তম “Dubai Air Show 2021”-তে মাননীয় পররাষ্ট্র প্রতিমন্ত্রীর সফর সঙ্গী হিসেবে জনাব মোঃ আলাউদ্দীন ভূঁইয়া, পরিচালক, পররাষ্ট্র প্রতিমন্ত্রীর দপ্তর, পররাষ্ট্র মন্ত্রণালয়-এর অনুকূলে ১২-১৮ নভেম্বর ২০২১ তারিখ পর্যন্ত সংযুক্ত আরব আমিরাতে-এ সরকারী সফরের প্রশাসনিক মঞ্জুরি জ্ঞাপন করছে।

২। উল্লিখিত সরকারি সফরের জন্য তিনি ১২ নভেম্বর ২০২১ অথবা এর নিকটবর্তী সময়ে যুক্তরাজ্য হতে সংযুক্ত আরব আমিরাতে-এর উদ্দেশ্যে যাত্রা করবেন এবং ১৮ নভেম্বর ২০২১ অথবা এর নিকটবর্তী সময়ে ঢাকা-এর উদ্দেশ্যে সংযুক্ত আরব আমিরাতে ত্যাগ করবেন।

৩। সফরকালীন সময়ে তিনি সরকারি কাজে কর্তব্যরত আছেন বলে গণ্য হবেন এবং তাঁর বেতন-ভাতার কোন অংশ বৈদেশিক মুদ্রায় প্রাপ্য হবেন না। উক্ত ভ্রমণ সংশ্লিষ্ট ব্যয় বিধি অনুযায়ী পররাষ্ট্র মন্ত্রণালয়ের ২০২১-২০২২ অর্থ বছরের বাজেট বরাদ্দের সংশ্লিষ্ট খাত (অর্থনৈতিক কোড ১১৮০১০১-১০৪১২৫-৩২৪৪১০১) হতে নির্বাহ করা হবে।

৪। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হলো।

স্বাক্ষর: -

জিকরুল হাসান ফাহাদ
সিনিয়র সহকারী সচিব (পশ্চিম এশিয়া)
ফোন-২২৩৩৮৭৯০০
ইমেইল: as.wa1@mofa.gov.bd

নং ১৯.০০.০০০০.৪৬৫.১০.৬০৩(২).২১/৬৫৪

১০ নভেম্বর ২০২১

অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

- ১। মহাপরিচালক (প্রশাসন/পশ্চিম এশিয়া/এফএসও), পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
- ২। পরিচালক (এফএমও/এসএমও/সংস্থাপন/অর্থ/রাষ্ট্রাচার উপ-প্রধান (সফর), পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
- ৩। চিফ একাউন্টস এন্ড ফাইন্যান্স অফিসার (পররাষ্ট্র বিষয়ক), ১ম ১২ তলা সরকারী অফিস ভবন (৯ম তলা), সেগুনবাগিচা, ঢাকা।
- ৪। সহকারী সচিব (সংস্থাপন-১/ বাজেট/ তহবিল/হিসাব, পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
- ৫। সহকারী সচিব (আইসিটি), পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ সহ)।
- ৬। এস এস (ইমিগ্রেশন), হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর, ঢাকা।
- ৭। বাংলাদেশ দূতাবাস, আবুধাবী, সংযুক্ত আরব আমিরাতে।
- ৮। বাংলাদেশ কণসুলেট জেনারেল, দুবাই, সংযুক্ত আরব আমিরাতে।
- ৯। অফিস কপি।

স্বাক্ষর: ১০.১১.২১

জিকরুল হাসান ফাহাদ
সিনিয়র সহকারী সচিব (পশ্চিম এশিয়া)